

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ ফেব্রুয়ারি'২০২৪ খ্রি.

### পরিচ্ছন্ন চট্টগ্রাম গড়তে ক্লিন সিটি ক্যাম্পেইন করল চসিক

পরিচ্ছন্ন চট্টগ্রাম গড়তে নাগরিকদের সচেতন ও সম্পৃক্ত করতে ‘ক্লিন সিটি ক্যাম্পেইন’ চালিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। শনিবার ক্যাম্পেইন উপলক্ষে একটি বর্ণাত্য শোভাযাত্রা চট্টগ্রাম প্রেস ক্লাব থেকে সিআরবি শিরীষ তলায় এসে শেষ হয়। এদিন ক্যাম্পেইনের অংশ হিসেবে নাগরিকদের মাঝ সচেতনতামূলক লিফলেট বিতরণ ও মাইকিং এবং বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়। ক্যাম্পেইনের প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী এবং উদ্ঘোষণ করেন সংসদ সদস্য ফেরদৌস আহমেদ।

ক্যাম্পেইনের উদ্দেশ্য সম্পর্কে প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী বলেন, চট্টগ্রামকে পরিচ্ছন্ন রাখার কার্যক্রমে জনগণের সম্পৃক্ততা বাড়াতে ‘ক্লিন সিটি ক্যাম্পেইন’ পরিচালনা করেছি। আমরা চাই জনগণ যাতে যত্রত্র ময়লা, পলিথিন না ফেলে। জনগণ আমাদের সহযোগিতা করলে নগরীকে পরিচ্ছন্ন রাখতে আমার যে পরিকল্পনা তা বাস্তবায়িত হবে, গড়ে উঠবে ‘ক্লিন চট্টগ্রাম’।

ক্যাম্পেইনের উদ্ঘোষণ সংসদ সদস্য ফেরদৌস আহমেদ বলেন, চট্টগ্রামের মত এত পাহাড়, বন, ফুলঘেরা সুন্দর শহর চট্টগ্রামে আর নেই। কিন্তু এ সুন্দর শহরকে পরিচ্ছন্ন রাখতে প্রয়োজন জনগণের সচেতন আচরণ। আজকের এ ক্যাম্পেইনের মাধ্যমে বিশেষ করে তরঁণদের মাঝে পরিচ্ছন্নতা বিষয়ক সচেতনতার বার্তা ছড়িয়ে দিতে চাই আমরা।

ক্যাম্পেইনে চসিকের কাউপিলরবন্দ, চসিক সচিব খালেদ মাহমুদ, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা লতিফুল হক কাজমি, মেয়রের একান্ত সচিব আবুল হাশেমসহ চসিকের কর্মকর্তা-কর্মচারীবন্দ, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, যুব রেড ক্রিসেন্ট, রোভার স্কাউট চসিক, বিডি ক্লিন ও ইপসাসহ বিভিন্ন সামাজিক সংগঠন এবং হাজারো নাগরিক অংশ নেন।

### চসিকের বই মেলার তারণ্য উৎসবে ফেরদৌম আহমদ এমপি বই আত্মকে পরিপূর্ণ করে, জ্ঞানকে করে সমৃদ্ধ

তারণ্যের উচ্চাস আত্মশক্তি ও দৃঢ়তাই সাফল্যের ভিত্তি। তারণ্যের উচ্চাসই মানবজীবনকে সফলতা ও সমৃদ্ধির পথে এগিয়ে যেতে প্রেরণাদান করে বলে মন্তব্য করেছেন প্রধান অতিথি জাতীয় সংসদ সদস্য চির নায়ক ফেরদৌস আহমদ এম পি। এর পূর্বে তারণ্যের উৎসব উদ্ঘোষণ করেন একুশে পদকপ্রাপ্ত গুণীজন চিত্রনাট্যকার কাওসার চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে ফেরদৌস আহমদ বলেন, যেখানে তারণ্যের উচ্চাস তথা মানসিক শক্তি গতিহীন সেখানে উন্নতি ও সমৃদ্ধির পথ বন্ধ। পৃথিবীর চারদিকে আজ তারণ্যের জয় জয় রব ধ্বনিত হচ্ছে। যারা তারণ্যের উচ্চাসে ভরপুর হতে পারেননি, তারা পদে পদে বাধার সম্মুখীন হয়েছেন বইমেলার প্রাণ হচ্ছে তরণ-তরণীরা। বই আত্মকে পরিপূর্ণ করে, জ্ঞানকে করে সমৃদ্ধ। বই হচ্ছে মানুষের সত্যিকার বন্ধু। যা মানুষের বুকের ভিতর স্যান্তে লালন করা স্বপ্নের বাস্তব রূপ দিতে পারে।

নায়ক ফেরদৌস আহমদ এম পি বলেন, একটি জাতিগোষ্ঠীর সভ্যতা বিনির্মাণ ও জ্ঞানগত উন্নয়নে বইমেলা ব্যাপক কার্যকরী ভূমিকা রাখে। সাহিত্য, গল্প, উপন্যাস, কবিতা, গবেষণা জার্নালসহ বিষয়ভিত্তিক বইয়ের বিপুল সমাহার পাঠকদের সামনে তুলে ধরে জ্ঞানের বিস্তৃত জগৎকে। বাঙালির যা কিছু অর্জন, যা কিছু ভালো সবই তরঁণদের কারণে হয়েছে। আগামীর বাংলাদেশ, তরঁণদের বাংলাদেশ। তরঁণের আমাদের বর্তমান, তারাই আমাদের ভবিষ্যত। তিনি প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আগামীর স্মার্ট বাংলাদেশ বিনির্মানে এগিয়ে আসার জন্য তরঁণদের প্রতি আহ্বান জানান।

এর পূর্বে তারণ্যের উৎসব উদ্ঘোষণ করেন একুশে পদকপ্রাপ্ত গুণীজন চিত্রনাট্যকার কাওসার চৌধুরী। তিনি বলেন, ভাষা একটি জাতির পরিচয়ের অনেক বড় একটি বাহন। ভাষাগত পরিচিতি একটি জাতিকে স্বতন্ত্র মর্যাদায় ভূষিত করে। তিনি বলেন, বিভিন্ন দিবসে উপহার হিসেবে আমরা ফুল কিংবা অন্য কোনো সামগ্ৰী দিই। বাংলার প্রতি সম্মান দেখিয়ে প্রিয় জনকে বই উপহার দেওয়ার অভ্যাস করতে হবে। তাহলে একুশের প্রকৃত উদ্দেশ্য সফল হবে।

আজ শনিবার বিকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সৃজনশীল প্রকাশনা পরিষদ ও নাগরিক সমাজের সহযোগিতায় অমর একুশে বই মেলা মধ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তোহিদুল ইসলামের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন বই মেলা কমিটির আহ্বায়ক কাউপিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঙ্গু। এতে বিশেষ অতিথির বক্তব্য

রাখেন চট্টগ্রাম প্রেস ক্লাবের সিনিয়র সহসভাপতি চৌধুরী ফরিদ,কাউন্সিলর শৈবাল দাশ সুমন প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা লতিফুল হক কাজেমী। এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর অধ্যাপক মোঃ ইসমাইল, মেয়রের একান্ত সচিব ও প্রধান শিক্ষা কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম ও দৃষ্টির প্রতিষ্ঠাতা মাসুদ বকুল।

সভাপতির বক্তব্যে শেখ তোহিদুল ইসলাম বলেন, একুশের চেতনায় উজ্জীবিত হয়ে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। একুশের চেতনা হারিয়ে ফেলা যাবে না। বিশেষ করে তরুণ সমাজকে একুশের চেতনায় উজ্জীবিত হয়ে দেশকে এগিয়ে নিতে কাজ করতে হবে। আলোচনা সভা শেষে দৃষ্টির পরিবেশনায়ত মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

অমর একুশে বইমেলায় ১৮ ফেব্রুয়ারি'২৪ আবৃত্তি উৎসব,বিকেল ৪:৩০টা, প্রধান অতিথি একুশে পদকপ্রাপ্ত দেশবরেণ্য সাংস্কৃতিক ব্যক্তিত্ব জয়ন্ত চট্টগ্রাম প্রাপ্তিশিল্পী বীর মুক্তিযোদ্ধা ডালিয়া আহমেদ, চট্টগ্রামের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আবদুল মালেক (মালেক মুস্তাকিম), সম্মিলিত আবৃত্তি জোট চট্টগ্রাম ফারুক তাহের, সভাতিত্ব করবেন কবি ওমর কায়সার, সঞ্চালনা আবৃত্তিশিল্পী মোঃ মুজাহিদুল ইসলাম।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমেদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮